রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**
**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**রবিবার, জুন ২১, ২০২৬**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**জাতীয় রাজস্ব বোর্ড**
**[কাস্টমস]**

**আদেশ**

তারিখ: ২৭ জ্যৈষ্ঠ ১৪৩৩ বঙ্গাব্দ/১০ জুন ২০২৬ খ্রিষ্টাব্দ

নং **২৬/২০২৬/কাস্টমস**—যেহেতু, গত ১৮-১০-২০২৫ খ্রি. তারিখে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, কুর্মিটোলা, ঢাকা-এর অধিভুক্ত এয়ার ফ্রেইট ইউনিট ও এক্সপ্রেস সার্ভিস ইউনিটে অগ্নিকান্ড সংঘটিত হয়েছে এবং বর্তমানে আমদানি কার্গো কমপ্লেক্সে পণ্য সংরক্ষণের জন্য কোনো শেড নেই, আমদানিকৃত অখালাসকৃত পণ্য খোলা আকাশের নিচে রাখায় পণ্যের গুণগত মান বিনষ্ট হওয়াসহ নিরাপত্তা ঝুঁকি এবং রাষ্ট্রীয় সম্পদের অপচয় রোধ করা অতীব জরুরি।

যেহেতু, অদ্যাবধি বিমান বাংলাদেশ এয়ারলাইনস কর্তৃক প্রেরিত রিমুভাল লিস্ট (আর. এল) অনুযায়ী অখালাসকৃত প্রায় ৩৬ (ছত্রিশ) টন পণ্যের মধ্যে ৮.৪ (আট দশমিক চার) টন পণ্যের নিলাম এবং ২৭.৩ (সাতাশ দশমিক তিন) টন পণ্যের ইনভেন্ট্রি কার্যক্রম চলমান রয়েছে;

যেহেতু, প্রথাগত নিলাম কার্যক্রম সম্পাদনের প্রক্রিয়াটি দীর্ঘমেয়াদি ও জটিল এবং কাস্টমস হাউস ঢাকা কর্তৃক বিশেষ ‘সিলড টেন্ডার’ পদ্ধতি অনুসরণ করে এয়ার ফ্রেইট ইউনিট থেকে ২৭৮.৮৪ (দুইশত আটাত্তর দশমিক আট-চার) কেজি এবং এক্সপ্রেস সার্ভিস ইউনিট থেকে ২,০৩১.০৪ (দুই হাজার একত্রিশ দশমিক শূন্য-চার) কেজি পণ্য নিলাম সম্পন্নপূর্বক খালাস প্রদান করা সম্ভব হয়েছে, যা মোট পণ্যের তুলনায় অত্যন্ত নগণ্য;

যেহেতু, পর্যালোচনায় দেখা যায়, অখালাসকৃত বা চোরাচালানের অভিযোগে আটক ও বাজেয়াপ্তকৃত পণ্যের নিষ্পত্তি সংক্রান্ত স্থায়ী আদশ ২০২৫ এর ০৭(২) (খ) (আ) (১) এর বিধান মোতাবেক নিলাম কার্যক্রম সম্পন্ন করণের ক্ষেত্রে বর্ণিত আদেশের অনুচ্ছেদ ০৭(২) (খ) (আ) (৫) এবং অনুচ্ছেদ ০৭ (২) (খ) (আ) (১০) এর সংরক্ষিত মূল্যের শর্তজনিত কারণে দরপত্র জমা না পড়া এবং শর্ত পূরণ না হওয়ায় পূর্ববর্তী নিলামসমূহ সফল হয়নি;

যেহেতু, চলমান ইনভেন্ট্রিকৃত ২৭.৩ (সাতাশ দশমিক তিন) টন পণ্যের প্রচলিত পদ্ধতিতে নিলাম অনুষ্ঠিত হলে, পুনরায় দরপত্র না পড়ার এবং নিলাম নিষ্পত্তি কার্যক্রম দীর্ঘায়িত হওয়ার আশঙ্কা রয়েছে;

সেহেতু, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, কুর্মিটোলা, ঢাকা-এর অধিভুক্ত এয়ার ফ্রেইট ইউনিট ও এক্সপ্রেস সার্ভিস ইউনিটে কর্ম উপযোগিতা ও সক্ষমতা বৃদ্ধি, উদ্ভূত নিরাপত্তাজনিত ঝুঁকি নিরসন, ভৌত ও আর্থিক নিরাপত্তাসহ জানমালের নিরাপত্তা নিশ্চিতকরণ এবং রাষ্ট্রীয় সম্পদের অপচয় রোধকল্পে কাস্টমস আইন, ২০২৩ এর ধারা ৯৪ ও এর সহিত পঠিতব্য ধারা ২৩৭ এবং ধারা ২৬৬-এ প্রদত্ত ক্ষমতাবলে এই বিশেষ আদেশ জারি করা হইল, যথা:

1। **সংক্ষিপ্ত শিরোনাম ও আদেশ:**

(ক) এই বিশেষ আদেশ হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, কুর্মিটোলা, ঢাকা-এর অধিভুক্ত এয়ার ফ্রেইট ইউনিট ও এক্সপ্রেস সার্ভিস ইউনিট এর পণ্য জট নিরসন ও নিরাপত্তা ঝুঁকি হ্রাসকল্পে সংরক্ষিত মূল্য ব্যতিরেকে ই-নিলাম কার্যক্রম সংক্রান্ত বিশেষ আদেশ, ২০২৬ নামে অভিহিত হইবে;

(খ) ভিন্নরূপ উল্লিখিত না থাকিলে ইহা কাস্টমস হাউস, ঢাকা হতে প্রেরিত পত্র নথি নং-৫-কাস—১২(২৮) নিলাম/বিবিধ/২০২৫/৬৪০৩, ১৯-০৫-২০২৬ এর লট/তালিকাভুক্ত পণ্যসমূহ ৩১ মে, ২০২৬ পর্যন্ত কাস্টমস হাউস, ঢাকা এর এয়ার ফ্রেইট ইউনিট ও এক্সপ্রেস সার্ভিস ইউনিটে অখালাসকৃত নিলামযোগ্য পণ্যের ক্ষেত্রে প্রযোজ্য হইবে;

(গ) জনস্বার্থে এই বিশেষ আদেশ জারির তারিখ হইতে কার্যকর হইবে।

২। **নিষ্পত্তিযোগ্য পণ্যের ব্যবস্থাপনা পদ্ধতি:**

(১) **নিলামযোগ্য পণ্য:** কাস্টমস হাউস, ঢাকা হতে প্রেরিত পত্র নথি নং-৫-কাস-১২(২৮) নিলাম/বিবিধ/২০২৫/৬৪০৩, তারিখ ১৯-০৫-২০২৬ মোতবেক সংযুক্ত তালিকাভুক্ত পণ্য।

(২) **E-Auction এর মাধ্যমে নিলাম পদ্ধতি:** নিলাম সংক্রান্ত বলবৎ স্থায়ী আদেশে বর্ণিত প্রকাশ্য নিলামের মাধ্যমে নিষ্পত্তিযোগ্য পণ্যসমূহ এবং এই বিশেষ আদেশের উপ-অনুচ্ছেদ (৩) এর (১) এ বর্ণিত পণ্য নিলামের ক্ষেত্রে নিম্নলিখিত ধাপসমূহ অনুসরণ করে **E-Auction** এর মাধ্যমে নিলাম সম্পন্ন করিতে হইবে, যথা:

(ক) নিলাম সংক্রান্ত বলবৎ স্থায়ী আদেশ অনুযায়ী নিষ্পত্তিযোগ্য পণ্যসমূহের তালিকা লট প্রস্তুতকরণপূর্বক পণ্যসমূহের কায়িক পরীক্ষণ বা ইনভেন্ট্রি সম্পন্ন করিতে হইবে। তবে ইতোমধ্যে যেই সকল পণ্য চালানের কায়িক পরীক্ষণ বা ইনভেন্ট্রি সম্পন্ন হইয়াছে, সেই সকল পণ্য চালানের নতুন করিয়া কায়িক পরীক্ষণ বা ইনভেন্ট্রি প্রয়োজন হইবে না;

(খ) প্রযোজ্য ক্ষেত্রে যেই সকল পণ্য চালান ইতোপূর্বে বিভিন্ন টেন্ডার সেল এ অন্তর্ভুক্ত হইলেও অনিষ্পন্ন অবস্থায় রহিয়াছে এবং উক্ত লটের বিপরীতে পে-অর্ডার জমা রহিয়াছে সেই সকল পে-অর্ডার ফেরত প্রদান করিতে হইবে;

(গ) ইনভেন্ট্রিকৃত লটের পণ্য নিলামে বিক্রির উদ্দেশ্যে কমিশনারের অনুমোদনক্রমে নিলাম পরিচালনাকারী কর্তৃপক্ষ নিলামের তারিখ ও সময় নির্ধারণ করিবেন;

(ঘ) নিলামের নির্ধারিত তারিখ ও সময়ের ১৫ (পনেরো) দিন পূর্বে লটগুলোকে নিলামের ক্যাটলগভুক্ত করার জন্য লটের তালিকা নিলামকারীকে সরবরাহ করিতে হইবে। নিলাম পরিচালনাকারী কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে নিলামকারী ক্যাটালগ তৈরি করিবেন;

(ঙ) কোনো লটের পণ্যের ক্ষেত্রে রাসায়নিক পরীক্ষণ বা আমদানি নীতির কোনো শর্ত পরিপালনের বিধান থাকিলে তাহা ক্যাটালগে সংশ্লিষ্ট লটের বিপরীতে অবশ্যই উল্লেখ করিতে হইবে;

(চ) অনলাইনে নিলাম কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক প্রস্তুতকৃত ই-অকশন মডিউল (E-Auction Module) ব্যবহার করিতে হইবে;

(ছ) নিষ্পত্তিযোগ্য পণ্যসমূহের সংরক্ষিত মূল্য নির্ধারণ করিতে হইবে না। তবে নিলাম অনুষ্ঠানের পূর্বে লটসমূহের বিপরীতে রীট মামলা বা অন্য কোনো মামলা চলমান আছে কিনা তাহা যাচাই করিতে হইবে।

(৩) **E-Auction এর মাধ্যমে সম্পাদিত নিলামের বিষয়ে নিলাম কমিটির সুপারিশ**: নিলাম অনুমোদন বা প্রত্যাখান বিষয়ে কমিশনারের নিকট সুপারিশ করার জন্য নিলাম কমিটি প্রাপ্ত দরমূল্য ও অন্যান্য তথ্যাদি যাচাই করে নিম্নরূপ পন্থা অবলম্বন করিবেন:

(ক) প্রথম নিলামে কোনো লটের বিপরীতে প্রাপ্ত মূল্যসমূহের মধ্যে সর্বোচ্চ মূল্যে সংশ্লিষ্ট লটের পণ্য বিক্রয়ের সুপারিশ করিতে হইবে;

(খ) প্রথম নিলামে কোনো পণ্যের দরপত্র পাওয়া না গেলে অথবা বিক্রয় করা সম্ভব না হইলে পুনরায় নিলামে তুলিতে হইবে এবং উক্ত নিলামে কোনো লটের বিপরীতে প্রাপ্ত মূল্য সমূহের মধ্যে সর্বোচ্চ মূল্যে সংশ্লিষ্ট লটের পণ্য বিক্রয়ের সুপারিশ করিতে হইবে;

(গ) নিলামে বিক্রয়যোগ্য পণ্য খালাসের পূর্বে কোনো রাসায়নিক পরীক্ষণ বা অন্য কোনো শর্ত পরিপালন প্রয়োজন হইলে সেই সকল শর্ত পরিপালন সাপেক্ষে পণ্য খালাসযোগ্য হইবে মর্মে সুপারিশে উল্লেখ করিতে হইবে।

৩। এ সংক্রান্ত স্থায়ী আদেশে বর্ণিত অন্যান্য পদ্ধতি ও বিধান অপরিবর্তিত থাকিবে।

৪। এই আদেশের কোনো বিষয়ের সাথে আইন বা কোনো বিধিতে উল্লিখিত বিধানের বৈসাদৃশ্য বা অসামঞ্জস্যতা পরিলক্ষিত হইলে আইন বিধি বা এস.আর.ও এর বিধান প্রাধান্য পাইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**মো: আবদুর রহমান খান** এফসিএমএ
চেয়ারম্যান।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd